

বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

এফইআইডি সার্কুলার লেটার নং-০১/২০১৪

তারিখ: ফেব্রুয়ারী ১৯, ২০১৪ খ্রিস্টাব্দ  
ফাল্গুন ৭, ১৪২০ বঙ্গাব্দ

বৈদেশিক মুদ্রা লেনদেনের সকল অনুমোদিত ডিলার ব্যাংকের  
হেড অফিস/প্রিন্সিপাল অফিসসমূহ

প্রিয় মহোদয়,

এজেন্সি সার্ভিসের বিপরীতে One-off basis-এ অন্তর্মুখী রেমিট্যান্স প্রসঙ্গে।

বাংলাদেশী ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক বাংলাদেশে নিবন্ধিত নয় এমন কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের ব্যবসায়িক কার্যক্রমে স্থানীয় এজেন্ট, কারিগরী বা ব্যবস্থাপনা উপদেষ্টা বা কর্মকর্তার ভূমিকায় কার্যক্রম পরিচালনা করার জন্য সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ১৯৪৭ সালের বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইনের ১৮এ ধারার আওতায় বাংলাদেশ ব্যাংক হতে সাধারণ বা বিশেষ অনুমোদন গ্রহণ করতে হয়। উক্ত অনুমতির সূত্রে স্থানীয় এজেন্ট তাদের বিদেশী প্রিন্সিপালের নিকট হতে কমিশন/সার্ভিস চার্জ বাবদ প্রাপ্ত বৈদেশিক মুদ্রা নগদায়ন করতে পারে। উক্ত ধারার বিধান অনুযায়ী স্থানীয় এজেন্ট কর্তৃক বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমতি ব্যতিরেকে এজেন্সি সার্ভিসের বিপরীতে One-off basis-এ প্রাপ্ত অন্তর্মুখী রেমিট্যান্স নগদায়নের সুযোগ নেই।

০২. এক্ষণে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, গ্রাহক স্বার্থে বৈদেশিক মুদ্রা লেনদেন ব্যবস্থা উদারীকরণের ধারাবাহিকতায় এজেন্সি সার্ভিসের বিপরীতে One-off basis-এ প্রাপ্ত অন্তর্মুখী রেমিট্যান্স নগদায়নের নিমিত্তে সংশ্লিষ্ট দলিলাদি যেমন ইনভয়েস, চুক্তিপত্র ইত্যাদি প্রাপ্তি সাপেক্ষে গ্রাহকের আবেদনের যথার্থতা ও সঠিকতা সম্পর্কে সন্তুষ্ট হওয়া সাপেক্ষে এবং প্রয়োজ্য সমুদয় কর কর্তনপূর্বক আগত রেমিট্যান্স বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমতি ব্যতিরেকে অনুমোদিত ডিলার কর্তৃক নগদায়ন করা যাবে।

০৩. উল্লেখ করা যাচ্ছে যে, নিয়মিতভাবে এজেন্সি সার্ভিস প্রদানের মাধ্যমে কমিশন অর্জনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে পূর্বের ন্যায় ১৯৪৭ সালের বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইনের ১৮এ ধারার আওতায় বাংলাদেশ ব্যাংকের অনুমতি গ্রহণ করতে হবে।

উপরোক্ত নির্দেশনাসমূহ অবিলম্বে পরিপালন করে অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকলকে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(নূরুন্ নাহার)

উপ-মহাব্যবস্থাপক

ফোন:৯৫১২৬০৫